

স্বামী বিবেকানন্দের সেবামর্ম

“জীবে প্রেম করে যেইজন, সেইজন সেবিছে ঈশ্বর” —এই ছিল স্বামী বিবেকানন্দের বাণী। তাঁর গুরু শ্রী শ্রী রামকৃষ্ণ বলতেন যে সকল জীবকে সেবা করবার জন্যই মানুষের জন্ম। ‘যত্র জীব তত্র শিব।’ তিনি কখনো জীবকে দয়া করবার কথা বলতেন না। তাঁর কথাই ছিল, মানুষের দয়া করবার অধিকার বা ক্ষমতা নেই। কেবলমাত্র ঈশ্বরেরই আছে দয়া করবার ক্ষমতা। মানুষ দয়া করবার কে? কিন্তু ভালোবাসবার অধিকার মানুষের আছে। সকল জীবকে শিবজ্ঞানে সেবা করতে হয়, তাহলেই দেবতার সেবা হয়। রবীন্দ্রনাথের কবিতায় দরিদ্ররূপী দেবতা বলছেন—‘গৃহহীনে গৃহ দিলে আমি থাকি ঘরে।’ সত্য, প্রেম, সেবা—এই সবই হল মানুষের শ্রেষ্ঠ ধর্ম। তিনি সমস্ত শিষ্যকে জীবসেবামর্মে দীক্ষা দিয়েছিলেন। তাঁর শিষ্য-শিষ্যাদের মধ্যে ভগিনী নিবেদিতা বিশ্ববিখ্যাত। রামকৃষ্ণদেবের আদর্শ অনুসরণ করে স্বামীজি রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠা করেন। এই মিশনের কাজই হল দুর্গত, আর্ত, পীড়িত মানুষের সেবা করা। আচার-অনুষ্ঠানের চেয়ে জীবসেবাকেই তিনি দেবসেবা বলে মনে করতেন। তাঁর বাণীই ছিল—আগে মানুষকে খাদ্য দাও, পরে ধর্ম প্রচার কোরো।